শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

বন্দী দানিয়েল



লেখক: Edward Hughes
চিত্রাংকন: Jonathan Hay
অনুবাদক: Manab Biswas
অভিযোজন: Mary-Anne S.

গল্প ৬০ এর ৩১

www.M1914.org

Bible for Children, *PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada*

স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

বাংলা

Bengali

দানিয়েল ও তার তিন বন্ধু ইস্রায়েলে বাস করত। একদিন এক মহান রাজা তাদের রাজ্যে এলেন ও সমস্ত সুপুরুষ বলবান লোকদের তার রাজ্যে নিয়ে গেল। রাজার একটা লম্বা নাম ছিল নবূখদনিৎসর। তিনি ব্যাবিলন নামক অনেক দূরের এক দেশে বাস করতেন।



1

ব্যাবিলনে সেই তিনজন লোকের সাথে খুব ভালো ব্যবহার করা হত। পৃথিবীর সমস্ত দেশ থেকে রাজা সবচেয়ে শ্রেষ্ঠ, সবচেয়ে বলবান লোক বেছে নিয়েছিলেন। তিনি তাদের ব্যাবিলন ভাষায় প্রশিক্ষণ দিয়ে তাদের তার রাজ্যের কাজে নিযুক্ত করবেন ও রাজ্য চালাতে তাদের সাহায্য নেবেন।



2

খাবার খুব ভালো ছিল। রাজা যা খেত, ঐ যুবকরা তাই খেত। কিন্তু দানিয়েল ও তার বন্ধুরা তা খেতে চাইল না। কারণ সেগুলো মিথ্যা দেবতার উদ্দেশ্যে উৎসর্গ করা হত। দানিয়েল প্রতিজ্ঞা করেছিলেন, ঈশ্বরের প্রতি বিরুদ্ধাচারণ করবেন না। ইস্রায়েলের ঈশ্বর তাদের আদেশ করেছিলেন মিথ্যা দেবতা ও প্রতিমার সাথে কোনও সম্পর্ক না রাখতে।



3

দানিয়েল তার প্রধানের অনুমতি নিয়েছিলেন যে, রাজার খাদ্য খাবেন না। যদি রাজা জানতে পারে, তাহলে তিনি খুব রাগ করবেন। কিন্তু ঈশ্বর এই লোকটির সাথে দানিয়েলের সম্পর্ককে আরও প্রিয় করলেন।

4

তিনি দানিয়েলকে ও তার বন্ধুদের একটা পরীক্ষা নিলেন। দশ দিন তারা শুধু শাক-সব্জি ও জল পান করে থাকবে। যে সমস্ত যুবকরা রাজার খাবার প্রতিদিন খাচ্ছিল, দশদিন পরে দানিয়েল ও তার বন্ধুদের অনেক স্বাস্থ্যবান লাগছিল। সুতরাং তাদেরকে তাদের শাক-সব্জি ও পানীয় জল পান করার অনুমতি দেওয়া হল।

5

এই যুবকরা ঈশ্বরকে সম্মান করত এবং ঈশ্বর তাদের সম্মান করত। ঈশ্বর তাদের জ্ঞান ও দক্ষতা দিয়েছিলেন। দানিয়েলের স্বপ্ন ও দর্শন বোঝার জ্ঞান ও তার মানে বলার ক্ষমতা ছিল।



6



তিন বছর ব্যাবিলনের বিদ্যালয়ে শেখার পর, সমস্ত যুবকদের রাজা নবূখদনিৎসরের কাছে উপস্থিত করা হল। তিনি দানিয়েল ও তার তিন বন্ধুকে সবথেকে শ্রেষ্ঠ হিসাবে বেছে নিয়েছিলেন। এমনকি রাজা আবিস্কার করলেন যে, তাঁর রাজ্যে দানিয়েলেই সবার থেকে শ্রেষ্ঠ জ্ঞানী।

7

এক রাতে, রাজা এক দুঃস্বপ্ন দেখলেন। তিনি তার জাদুকর, নক্ষত্রবিদ ও মায়াবীকে তার সামনে ডাকলেন। রাজা বললেন, “আমি একটা স্বপ্ন দেখেছি এবং আমার আত্মা তা জানার জন্য আগ্রহী”।

8

গুণীজনরা উত্তর দিল, “মহারাজ দীর্ঘজীবি হোন! আপনার স্বপ্ন আমাদের বলুন, আর আমরা তার অর্থ আপনাকে বলব”।

9

রাজা উত্তর দিলেন, “না! তোমরাই বল, এই স্বপ্নটা কী, আর এর মানেটা কী? যদি না বলতে পার, তাহলে তোমাদের টুকরো করা হবে ও তোমাদের ঘর জ্বালিয়ে দেওয়া হবে।

10

কিন্তু যদি তোমরা এই স্বপ্নের মানেটা বলতে পার, তাহলে তোমরা পুরস্কার ও সম্মান পাবে”। কিন্তু কোনও গুণীজনরাই তার স্বপ্নের অর্থ বলতে পারল না।

11

রাজার জ্ঞানীজনরা রাজাকে বলল, “এই পৃথিবীতে কোনও লোক নেই যে, আপনার প্রশ্নের উত্তর দিতে পারে। একমাত্র দেবতারাই বলতে পারেন এবং তারা পৃথিবীতে থাকে না”। রাজা ক্রুদ্ধ হয়ে উঠলেন। তিনি আদেশ দিলেন, “ব্যাবিলনের সমস্ত গুণীজনদের হত্যা কর”।

12

সৈন্যরা যখন দানিয়েলের জন্য এল, তিনি রাজার সেনাপ্রধান অরিয়োককে বললেন, “রাজা কেন সমস্ত গুণীজনদেরকে হত্যা করছেন?” অরিয়োক দানিয়েলকে জানাল, কী ঘটনা ঘটেছিল। দানিয়েল রাজার সঙ্গে দেখা করতে গেলেন। তিনি রাজার কাছে একটু সময় চাইলেন, যাতে তিনি রাজাকে তার স্বপ্নের অর্থ বলতে পারেন।

13

তারপর দানিয়েল তার ঘরে ফিরল ও তার বন্ধু শদ্রক, মৈশক, অবেদনগোকে বললেন। দানিয়েল জানত না, সেই স্বপ্ন কী ছিল আর তার অর্থ কী। কিন্তু তিনি জানতেন যে, একজন এর অর্থ জানে। আর তিনি হলেন ঈশ্বর। সুতরাং দানিয়েল ও তার বন্ধুরা প্রার্থনা করলেন।

14

ঈশ্বর দানিয়েলকে স্বপ্ন ও তার অর্থ জানালেন। দানিয়েল স্বর্গের ঈশ্বরের প্রশংসা করলেন ও বললেন, “ঈশ্বরের নাম চিরদিন ধন্য হোক, পরাক্রম ও জ্ঞান তাঁরই”।



15

দানিয়েল তাড়াতাড়ি রাজার কাছে গেলেন ও বললেন, “স্বর্গের ঈশ্বর আছেন, যিনি নিগূঢ়তত্ত্ব প্রকাশ করেন”। তিনি রাজাকে সেই স্বপ্ন এবং স্বপ্নের অর্থ বললেন।

16

রাজা নবূখদনিৎসর যখন তার স্বপ্ন ও তার অর্থ জানল, তখন তিনি দানিয়েলের কাছে প্রণিপাত করলেন এবং বললেন, “সত্যি তোমাদের ঈশ্বর হলেন ঈশ্বরের ঈশ্বর, প্রভুদের প্রভু ও সমস্ত গোপন অর্থ উন্মোচনকারী”।

17

তারপর রাজা দানিয়েলকে এক গুরুত্বপূর্ণ ব্যক্তি বানালেন ও তাকে অনেক উপহার দিলেন। তিনি সমস্ত ব্যাবিলন প্রদেশের অধ্যক্ষ ও ব্যাবিলনের গুণীজনদের প্রধান হলেন।



18

বন্দী দানিয়েল

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

দানিয়েল ১-২

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:
প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেছেন এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!